রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, নভেম্বর ৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**উপজেলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ অক্টোবর ২০১৮ খ্রি.

নং ৪৬.০৪৫.০২৭.০৮.১০০.১০০.২০১৬-১১১৪—যেহেতু, জনাব আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, নোয়াখালী কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'র অর্থায়নে উপজেলা পরিষদের উন্নয়ন প্রকল্প যথাসময়ে গ্রহণ না করে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত নথি অসৎ উদ্দেশ্যে আটকে রেখে দীর্ঘসূত্রিতা সৃষ্টি, সরকারি কাজে বাধা, নিয়ম বহির্ভূতভাবে ২০১৮-১৯ অর্থ বছরের অগ্রিম উন্নয়ন প্রকল্প গ্রহণের উদ্যোগ গ্রহণ এবং প্রকল্প বাস্তবায়ন ব্যতিরেকে উক্ত অর্থ ফেরৎ দেয়ার উপক্রম করেছেন; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম এর তদন্তে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ড উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ পরিপালনের পরিপন্থী এবং উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১) এর (খ) (গ) ও (ঘ) ধারা অনুযায়ী পরিষদ ও রাষ্ট্রের স্বার্থের হানিকর, অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহার এবং দায়িত্ব পালনে অস্বীকৃতির শামিল; এবং

যেহেতু, একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী তাঁর বিরুদ্ধে অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে এবং তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী ও রাষ্ট্রের স্বার্থের হানিকর;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] ১৩খ(১) ধারা অনুসারে নোয়াখালী জেলার সেনবাগ উপজেলা পরিষদের চেয়াম্যান জনাব আবুল কালাম আজাদকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**মোহাম্মদ জহিরুল ইসলাম**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd